**PG Even Semester (CBCS) Exam., May—2017**

বাংলা

**( 2nd Semester )**

পাঠক্রম নং : BNGCC–201

**( বাংলা গদ্যসাহিত্য )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

**ক—গুচ্ছ**

১। কোন্ সনে 'শকুন্তলা' আখ্যানটি প্রকাশিত হয়? বইটির উৎস-গ্রন্থ ও গ্রন্থকারের নাম লেখো। ''নাট্যধর্মী কাহিনী-বিন্যাস ও বিষয় নির্বাচনে দৈনন্দিনের তুচ্ছতামুক্ত বিশেষ ধরনের অতীত-চারণামূলক বাংলা গল্পের আদর্শরূপ বিদ্যাসাগরের 'শকুন্তলা' পরিণত ও রসজ্ঞ পাঠকের উদ্দেশ্যে নিবেদিত।'' উক্ত বয়ানের নিরিখে তোমার পাঠ্য 'শকুন্তলা' কাহিনির মূল্যায়ন করো। ১+২+১১=১৪





২। সাহিত্যশাখা হিসাবে অনুবাদের গুরুত্ব নিরূপণ করো। 'Translation' এর পরিবর্তে অনুবাদ বোঝাতে কোন্ ইংরাজি শব্দবন্ধ বর্তমানে বহুল প্রচলিত? নির্মাণ আর সৃষ্টির যৌগপদ্যে বিদ্যাসাগরের 'শকুন্তলা' অনুবাদের মূল্যায়ন করো। ৪+১+৯=১৪

**খ—গুচ্ছ**

৩। 'আমার কথা' ব্যতীত বাংলা সাহিত্যের দুটি আত্মজীবনীর নাম করো। ''বিনোদিনীর আত্মজীবনী নাট্যজগতের এক ঐতিহাসিক দলিল, নারী নির্যাতনের প্রকৃষ্ট চিত্র।'' 'আমার কথা' অবলম্বনে আলোচনা করো। ২+১২=১৪

৪। বিনোদিনীর প্রথম এবং শেষ অভিনীত নাটকের নাম লেখো। গিরিশচন্দ্র বলেছিলেন, ''যদি বঙ্গ রঙ্গালয় স্থায়ী হয় বিনোদিনীর এই ক্ষুদ্র জীবনী আগ্রহের সহিত অন্বেষিত ও পঠিত হইবে।'' 'আমার কথা' অবলম্বনে গিরিশচন্দ্রের এই মন্তব্য কতটা যুক্তিযুক্ত, আলোচনা করো। ২+১২=১৪

**গ—গুচ্ছ**

৫। 'পঞ্চভূত' প্রবন্ধগ্রন্থটির মধ্যে কয়টি প্রবন্ধ অন্তর্ভুক্ত হয়েছে? রবীন্দ্রনাথ কাকে এ গ্রন্থটি উৎসর্গ করেছিলেন? রবীন্দ্রনাথ এ গ্রন্থের অনেকগুলো প্রবন্ধে সাহিত্য-বিষয়ক নানা বিষয়ের কথা বলেছিলেন যার গুরুত্ব অপরিসীম। তোমার পঠিত প্রবন্ধানুসারে বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

৬। ‘পঞ্চভূত’ প্রবন্ধটির প্রেক্ষিত রূপায়ণে একটি পারিবারিক খাতার উল্লেখ রয়েছে উপাদান হিসেবে, এই খাতাটির প্রকৃত নাম কী? ‘পঞ্চভূত’ দ্বিতীয় সংস্করণটি কোথা থেকে প্রকাশিত হয়? সংরূপ ও প্রকরণের দিক থেকে ‘পঞ্চভূত’ রবীন্দ্রসাহিত্যে স্বাতন্ত্র্যের দাবীদার। পর্যালোচনা করো। ১+১+১২=১৪

**ঘ—গুচ্ছ**

৭। পাঠ্যবইটি ছাড়া গোপাল হালদারের রচিত সংস্কৃতি-বিষয়ক অন্য দুটি বইয়ের নাম লেখো। গোপাল হালদারের অনুসরণে সংস্কৃতি রূপান্তরের মূল তত্ত্বটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

৮। ‘সংস্কৃতির রূপান্তর’ বইটির রচনাকাল কত? ‘টোটোমিক সমাজ’ বলতে কী বোঝ? গোপাল হালদার মানব সভ্যতার কোন্ পর্বকে, কেন ‘আদিম সাম্যতন্ত্র’ বলে অভিহিত করেছেন? নব্য-প্রস্তর যুগে ‘আদিম সাম্যতন্ত্র’ ভেঙে যাবার মূল কারণ আলোচনা করো। ১+৫+৮=১৪

**ঙ—গুচ্ছ**

৯। শেক্সপীয়রের একটি ট্র্যাজেডি এবং একটি কমেডি নাটকের নাম লেখো। ‘‘মানব-অস্তিত্বের যেসব গূঢ় সমস্যা মৌলিক ও নিত্যকালীন তাদের ভিতরে অনেকগুলিই তাঁর নাটকে বারবার উত্থাপিত।’’ পাঠ্যপ্রবন্ধ অবলম্বনে শিবনারায়ণ রায়ের এমত ভাবনার প্রাসঙ্গিকতা আলোচনা করো। ২+১২=১৪





১০। ‘কিত্তনখোলা’ নাটকটির রচয়িতা কে? ‘পানকৌড়ির রক্ত’ গল্পগ্রন্থটির লেখকের নাম লেখো। ‘‘আস্তিত্বিক প্রয়োজনে সেখানে (বাংলাদেশে) শুধু বাংলা সাহিত্যের উত্তরাধিকার বিষয়ে চেতনা প্রখর নয়, সেই সাহিত্যকে সম্পন্নতর করবার প্রয়াসও বিবর্ধমান।’’ তোমার পাঠ্যপ্রবন্ধ অনুসরণে প্রাবন্ধিকের এমত উপলব্ধির মূল সূত্রগুলি আলোচনা করো। ২+১২=১৪

★★★